আমেনা-বাকী রেসিডেন্সিয়াল মডেল স্কুল এন্ড কলেজ

৩য় এ্যাসাইনমেন্ট

বিষয় শিক্ষকঃ নাসিমুজ্জামান মোবাইল নংঃ ০১৭১০২০৬১৪৬

শ্রেণি: ৭ম **বিষয়: গণিত**

এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম	অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম	পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু	এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ	নির্দেশনা	মূল্যায়ন রুব্রিক্স
এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১	প্রথম অধ্যায়: মূলদ ও অমূলদ সংখ্যা	১. সংখ্যারবর্গ ও বর্গমূল ২. উৎপাদক ও ভাগ প্রক্রিয়ার মাধ্যমে বর্গমূল ৩. সংখ্যার বর্গমূল নির্ণয় ৪. মূলদ ও অমূলদ সংখ্যা ৫. সংখ্যারেখায় মূলদ ও অমূলদ সংখ্যার অবস্থান	১. তুমি একটি তিন অঙ্কের পূর্ণ বর্গসংখ্যা লিখ এবং দুটি ভিন্ন পদ্ধতিতে সংখ্যাটির বর্গমূল নির্ণয় কর। ২. একটি সৈন্য দলকে ৯, ১২ ও ২০ সারিতে সাজানো যায় কিন্তু বর্গাকারে সাজানো যায় না। সৈন্য সংখ্যাকে কোন ক্ষুদ্রতম সংখ্যা দ্বারা গুণ করলে সৈন্যদলকে বর্গাকারে সাজানো যাবে, তা নির্ণয় কর।	১. উৎপাদক ও ভাগ প্রক্রিয়ায় সংখ্যাটির বর্গমূল নির্ণয় করবে। ২. প্রদত্ত সংখ্যাগুলোর ল.সা.গু. নির্ণয় করে, সারিতে সাজানো সৈন্য সংখ্যা বের করবে। প্রাপ্ত সৈন্য সংখ্যাকে মৌলিক উৎপাদকে বিশ্লেষণ করে উৎপাদকের জোড়া তৈরির মাধ্যমে পূর্ণ বর্গসংখ্যা তৈরি করে সৈন্য সংখ্যা নির্ণয় করবে।	১. * বর্গসংখ্যা লিখন * উৎপাদক ও ভাগ প্রক্রিয়ায় সংখ্যাটির বর্গমূল নির্ণয় ২. * সারিতে সাজানো সৈন্য সংখ্যা নির্ণয় * বর্গাকারে সাজানো সৈন্য সংখ্যা নির্ণয়

বিষয় শিক্ষকঃ ইয়াকুব আলী মোবাইল নংঃ ০১৭১৯৭৫০৪৬৫

শ্রেণি: ৭ম **বিষয়: কৃষি শিক্ষা**

এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজের ক্রম	অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম	পাঠ্যসূচিতে অন্তর্ভুক্ত পাঠ নম্বর ও বিষয়বস্তু	এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ	নির্দেশনা	মূল্যায়ন রুব্রিক্স
এ্যাসাইনমেন্ট বা নির্ধারিত কাজ-১	প্রথম অধ্যায়: কৃষি এবং আমাদের সংস্কৃতি	পাঠ ১: পরিবার গঠনে কৃষি পাঠ ২: সমাজ গঠনে কৃষি পাঠ ৩: কৃষি ও কৃষকের উপর মানুষের নির্ভরশীলতা পাঠ ৪: কৃষি পরিবেশ, বাংলাদেশের ঋতুচক্র ও কৃষিজ উৎপাদন পাঠ ৫: কৃষিজ উৎপাদনে বৈচিত্র্য পাঠ ৬: উদ্যান ফসলের বৈচিত্র্য পাঠ ৭: কৃষিতে প্রাণিজ উৎপাদনের বৈচিত্র্য পাঠ ৮: বাংলাদেশের কৃষি ও সংস্কৃতি	তাহিরপুর গ্রামের আদর্শ কৃষক রফিক তার বাড়িটি একটি আদর্শ খামারে পরিণত করেছেন। তিনি বাড়ির পাশের জমিতে ধান, গম চাষ করেন। বাড়িতে ফল, শাকসবজি, ভেষজ উদ্ভিদ ও কাঠাল গাছ রোপন করেছেন। পাশাপাশি তিনি পুকুরে মাছ চাষ, হাঁস-মুরগি পালন ও গরু-ছাগল লালন-পালন করেন। তোমার দেখা এরূপ একজন কৃষক গ্রামের আর্থ সামাজিক উন্নয়নে কীভাবে ভূমিকা পালন করছেন। নিচের প্রশ্নগুলোর আলোকে উত্তর দাও- ১। পরিবারের মৌলিক চাহিদা পূরণে তার ভূমিকা কী? ২। তার কার্যক্রম পরিবারের অর্থনৈতিক উন্নয়নে কীভাবে সহায়তা করতে পারে? ৩। তোমার গ্রামের অন্যান্য কৃষিজীবীদের স্বাবলম্বি করতে তিনি কীভাবে সহায়তা করতে পারবেন?	১. এ্যাসাইনমেন্ট তৈরি করতে এনসিটিবি প্রণীত ২০২১ শিক্ষাবর্ষের কৃষি শিক্ষা পাঠ্য বই-এ প্রদত্ত প্রথম অধ্যায়ের পাঠ-১, ২ ও ৩ থেকে সহায়তা নেওয়া যেতে পারে ২. এছাড়াও বিষয় শিক্ষক, অভিভাবক, ইন্টারনেট ও কৃষি বিষয়ে অভিজ্ঞ ব্যক্তিবর্গের সহায়তা নেওয়া যেতে পারে	**অতি উত্তম:** ১। সকল প্রশ্নের উত্তরের বিষয়বস্তু পরিপূর্ণমাত্রায় সঠিক ও ধারাবাহিক ২। তথ্য, ধারণা পাঠ্যপুস্তকের সাথে সম্পূর্ণ সঙ্গতিপূর্ণ ৩। লেখায় লক্ষণীয়মাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা **উত্তম:** ১। অধিকাংশ প্রশ্নের উত্তরের বিষয়বস্তু সঠিক ও ধারাবাহিক ২। তথ্য, ধারণা পাঠ্যপুস্তকের সাথে অধিকাংশ ক্ষেত্রেই সঙ্গতিপূর্ণ ৩। লেখায় আংশিক নিজস্বতা ও সৃজনশীলতা **ভালো:** ১। অধিকাংশ প্রশ্নের উত্তরের বিষয়বস্তু সঠিক হলেও ধারাবাহিকতার অভাব ২। তথ্য, ধারণা পাঠ্যপুস্তকের সাথে আংশিক সঙ্গতিপূর্ণ ৩। লেখায় সামান্যমাত্রায় নিজস্বতা ও সৃজনশীলতা **অগ্রগতি প্রয়োজন:** ১। প্রশ্নের উত্তরের বিষয়বস্তুর সঠিকতা ও ধারাবাহিকতার অভাব ২। তথ্য, ধারণা পাঠ্যপুস্তকের সাথে সঙ্গতির অভাব ৩। লেখার নিজস্বতা ও সৃজনশীলতা অনুপস্থিত

এ্যাসাইনমেন্ট সমন্বয়কারী
মোঃ মাসুদ রানা
মোবাঃ ০১৭৬৮৩৮৩০৮৩